

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬

সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০৪.২৫.২৪৩.২৩. ৯৭৭

প্রেস রিলিজ

ঢাকা, ২২ জুন ২০২৩

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত “সেবা ডিজিটাইজড এবং মাইগভ (myGov)” বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা ২২ জুন ২০২৩ খ্রি. বৃহস্পতিবার সকালে ইনস্টিটিউটের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় সভাপতিত্ব করেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক ফায়জুল হক। প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জনাব শামীম কিবরিয়া, এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) মো. নজরুল ইসলাম।

এ কর্মশালায় জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের কর্মকর্তাগণ এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়াদীন বিভিন্ন দপ্তরের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

প্রধান আলোচক তার বক্তৃতায় “সেবা ডিজিটাইজড এবং মাইগভ (myGov)” সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন, কোন সেবার জন্য মানুষকে যেন আর কোন দপ্তরে না আসতে হয় এবং সকল সেবাই একটি আইডি এর মাধ্যমে মানুষ পাবে। myGov এর মাধ্যমে বর্তমানে জনগণ ১৭৩৯ টি সেবা পাচ্ছে। ২০২৩ এর শেষ নাগাদ ২২০০ সেবা এই ডিজিটাল মাধ্যমে মানুষ পাবে। অন্যদের মধ্যে আলোচনা করেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) এ কে এম আজিজুল হক এবং পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) ড. মো. মারুফ নাওয়াজ। কর্মশালার পরিচালক নুসরাত জাবিন, সমন্বয়ক নাফিস আহমেদ এবং এস. এম. রাফিউল আবেদীন উক্ত কর্মশালার লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে আলোচনা করেন।

ওয়ার্কশপে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের সেবাসমূহ বাছাই করা হয় এবং শীঘ্রই সেবাগুলো ডিজিটাইজড করা হবে, যা মানুষ mygov অনলাইনের মাধ্যমে পাবে।

কর্মশালায় তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তরের ৫০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। শেষাংশে অংশগ্রহণকারীগণ উন্মুক্ত আলোচনায় অংশ নেন। তাঁরা বিভিন্ন মতামত ও বিষয়ভিত্তিক আলোচনায় অংশ গ্রহণের মাধ্যমে কর্মশালাটি প্রাণবন্ত করে তুলেন।



আবদুল হান্নান

গণসংযোগ কর্মকর্তা

ফোন : ৫৫০৭৯৩৮-৪২

বিতরণ: সদয় কার্যার্থে

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
- ২। মূখ্য বার্তা সম্পাদক / চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন / বাংলাদেশ বেতার / বাংলাদেশ সংবাদ সংস্থা / এটিএন বাংলা / চ্যানেল আই / একুশেটিভি / এনটিভি / সময় টিভি/দৈনিক ইত্তেফাক / দৈনিক জনকণ্ঠ / দৈনিক প্রথম আলো / দৈনিক যুগান্তর / বাংলাদেশ প্রতিদিন / দৈনিক ভোরের পাতা / দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের কাগজ / কমিউনিটি রেডিও/অন্যান্য প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াসমূহ।
- ৩। প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। কার্যালয় নথি।